# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ২ | ৪ |

সময়-২ ঘন্টা ৩৫ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান: ৫০

*[দ্রষ্টব্য: ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং ৭ ও ৮ নং প্রশ্ন বাধ্যতামূলক। 'ক' ও 'খ' গুচ্ছের প্রতিটি থেকে কমপক্ষে একটি প্রশ্নসহ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। সর্বমোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেকটি প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ প্রিয়া ক্লাসে খুবই চুপচাপ, কারো সাথে কথা বলে না। এমন কি শিক্ষক প্রশ্ন করলেও তার উত্তর সহজে দিতে চায় না। অপরদিকে শ্যামা খুবই আত্মকেন্দ্রিক, আবার সবার সাথে সুন্দরভাবে মিশতেও পারে। শ্রেণিতে প্রিয়াকে নিয়ে সমস্যা হয় শ্যামাকে নিয়ে হয় না। শ্রেণি শিক্ষক জামান সাহেব মনোবিজ্ঞানীর সাথে প্রিয়ার ব্যাপারে আলোচনা করলে, তিনি বলেন, প্রিয়াকে অস্পষ্ট, দ্ব্যার্থবোধক ছবি দেখিয়ে ব্যক্তিত্ব নির্ণয় করে তার সমস্যার সমাধান করা সম্ভব।

ক. ব্যক্তিত্ব কী? ১

খ. ব্যক্তিত্বের সংরক্ষণ কী ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রিয়া ও শ্যামার ব্যক্তিত্বের সাথে কোন মতবাদের মিল আছে? বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকের প্রিয়ার সমস্যা সমাধানের যে পদ্ধতির কথা বলা হয়েছে তা তোমার পাঠ্যবইয়ের আলোকে বর্ণনা কর। ৪

**২.** ▶ রিপন ও শেখর দুই বন্ধু। তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স ৩য় বর্ষের ছাত্র। শেখর তার ২ বছরের জুনিয়র এক মেয়ের সাথে সম্পর্কে জড়িয়ে যায়। তাদের সম্পর্কের অনেক দিন পর শেখর জানতে পারে মেয়েটি হিন্দু নিচু জাত দুলের ঘরে জন্ম। শেখর মেয়েটিকে সরাসরি সম্পর্ক ভেঙ্গে দেবার কথা বলে। রিপন তাকে অনেক বোঝাবার চেষ্টা করলেও শেখরের একই কথা— "নিচু জাতের মেয়েদের জাতে তোলা যাবে না"।

ক. মনোভাব কী? ১

https://teachingbd24.com

খ. মনোভাবের সাথে আবেগ ও অনুভূতি জড়িত ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মূলত যে বিষয়বস্তুর ইঙ্গিত রয়েছে তার উদ্ভব কীভাবে হয়ে থাকে? আলোচনা কর। ৩

ঘ. শেখরের চিন্তাধারায় যে বিষয়টি ফুটে উঠেছে তা দূরীকরণের উপায়গুলো বিশ্লেষণ কর। ৪

৩. ▶ সোহানা পড়াশুনা শেষ করে একটি মাল্টিন্যাশনাল কোম্পানিতে চাকরি নেয়। সে সুন্দরী এবং বিবাহিত। তার অফিসের একজন সিনিয়র ব্যক্তি তাকে যৌন ইঙ্গিতমূলক কথা বলে। অফিস শেষে তাকে বাসায় পৌঁছে দিতে চায়। ঘটনাটি সোহানার স্বামী জানলে তিনি অফিসের বস এর নিকট ঐ ব্যক্তির নামে নালিশ করেন এবং তার বিরুদ্ধে যৌন হয়রানির মামলা করেন।

ক. আন্তঃব্যক্তিক আকর্ষণ কী? ১

খ. আগ্রাসন কীভাবে প্রতিরোধ করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. সোহানার সাথে যে ধরনের আচরণ হয়েছে তা সম্পর্কে আলোচনা কর। ৩

ঘ. সোহানার স্বামী যে ব্যবস্থা গ্রহণ করেছে তুমি কী তার সাথে একমত? কেন? বিশ্লেষণ কর। ৪

৪. ▶ সীমা পড়াশুনা শেষ করে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে চাকরির চেষ্টা করছে। ছোটবেলা থেকেই তার শিক্ষক হবার স্বপ্ন। কারণ শিক্ষকতা পেশায় অনেক সম্মান এবং সমাজের মানুষের সেবাও করা যায়। কিন্তু সীমার ভাই রতন বলে, শিক্ষকতা পেশায় থাকলে অর্থনৈতিকভাবে তুই কখনো স্বচ্ছল থাকতে পারবিনা। এখানে আয় সীমাবদ্ধ। জীবনে বেঁচে থাকতে টাকার প্রয়োজনটাই বেশি।

ক. মূল্যবোধ কী? ১

খ. "মূল্যবোধ হলো সমাজের চালিকাশক্তি"—ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সীমার আচরণের কোন মূল্যবোধ লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. সীমার ভাই এর সাথে সীমার মূল্যবোধের তুলনামূলক আলোচনা কর। ৪

https://teachingbd24.com

৫.▶ শারমিন ম্যাডাম তার শ্রেণির ছাত্র-ছাত্রীদের নিয়ে দুটি দল তৈরি করেন। দুটি দল করে তিনি তাদের বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশ্ন করেন। ফলাফল দেখা গেল A দল, B দল অপেক্ষা ভাল করছে। B দল অপেক্ষা করেছে। B দলের ছাত্র-ছাত্রীরা বলল, A দলে বেশি বুদ্ধ্যঙ্কের ছাত্র-ছাত্রী ছিল তাই তারা ভাল করেছে। শারমিন ম্যাডাম বলল, "এই রকম বিভিন্ন চল আছে যেগুলো আমরা চল নিয়ন্ত্রণের কৌশল প্রয়োগ করে দূর করতে পারি"।

ক. চলের নিয়ন্ত্রণ কী? ১

খ. পরীক্ষণ পদ্ধতিকে বৈজ্ঞানিক পদ্ধতি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে দল নির্বাচনে যে সমস্যা হয়েছে তা কীভাবে দূর করা যায়—তোমার পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. শারমিন ম্যাডামের বক্তব্যের সত্যতা যাচাই করে চল নিয়ন্ত্রণের অন্য দুটি কৌশল বর্ণনা কর। ৪

Teachingbd24.com

**দৃশ্যকল্প-১**

৬.▶ শ্রেণি শিক্ষক মি: রহমান তার স্কুলের ৫ম শ্রেণির ছাত্রছাত্রীদের নিয়ে ফ্যান্টাসি কিংডমে যাত্রা করেছেন সকাল ৭টায়। ১ ঘন্টা যাবার পর গার্মেন্টিস শ্রমিকরা রাজপথ দখল করে অনশন করছে বলে তাদের গাড়ি জ্যামে আটকে গেল। আরো ৩-৪ ঘন্টা লাগবে রাস্তা খালি হতে। এতে মি. রহমান দুঃশ্চিন্তায় পরে গেলেন।

**দৃশ্যকল্প-২**

রোহান সাহেবের গার্মেন্টিস ইন্ডাস্ট্রিতে ইদানীং প্রচুর পরিমাণে উৎপাদন কমে গেছে। শ্রমিক অসন্তোষ, যন্ত্রপাতিগত সমস্যা ইত্যাদিই মূলত প্রধান কারণ। ইদানীং রোহান সাহেব এই গার্মেন্টিস নিয়ে চিন্তা করতে পারছেন না, মনোযোগ দিতে পারছে না, আগ্রহ হারিয়ে ফেলেছেন এবং তার ভুলের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে।

ক. কর্মভার কী? ১

খ. হাতাশার পরিবেশগত উৎসগুলো কী? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্পে-১ এ মি. রহমানের উদ্ভুত পরিস্থিতির কোন ধরনের উৎস থেকে উদ্ভুত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্পে-২ রোহান সাহেবের সমস্যা চিহ্নিত করে তা নিরসনের পদক্ষেপ বর্ণনা কর। ৪

৭.▶ আফাজ আহমেদ প্রতিবন্ধীদের জন্য নির্মিত একটি স্কুল পরিদর্শনে যান। ওখানে তিনি বিভিন্ন টাইপের প্রতিবন্ধীদের দেখতে পান। কেউ নিজের কাজ নিজে করতে পারে আবার কেউ পারে না। আবার কেউ একেবারেই অক্ষম। তিনি প্রতিষ্ঠানের প্রধানের কাছে প্রতিবন্ধীদের শিক্ষার ব্যাপারে জানতে চাইলে তিনি বলেন, এদের জন্য করণীয় কাজগুলোও খুব বিশেষ ভাবে করতে হয়।

ক. বুদ্ধি প্রতিবন্ধীতা কী? ১

খ. বুদ্ধি প্রতিবন্ধীতার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রতিবন্ধীদের যে শ্রেণির কথা বলা হয়েছে তা তোমার পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানের প্রধানের বক্তব্যের আলোকে প্রতিবন্ধীদের জন্য করণীয় বিষয়গুলো বিশ্লেষণ কর। ৪

৮.▶ রাজউক কলেজের টেলেন্ট হান্ট প্রতিযোগিতায় প্রাথমিকভাবে বাছাইকৃত ৩০ জনের ফলাফল নিচের ছকে দেয়া হল।

| শ্রেণি ব্যবধান | ১০-১৪ | ১৫-১৯ | ২০-২৪ | ২৫-২৯ | ৩০-৩৪ | ৩৫-৩৯ | ৪০-৪৪ | ৪৫-৪৯ | ৫০-৫৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| পৌন:পুন্য | ২ | ২ | ৩ | ৫ | ১১ | ৩ | ২ | ১ | ১ |

ক. বিচ্যুতির সংজ্ঞা দাও। ১

খ. পরিসরকে কেন বিচ্যুতি পরিমাপের সহজ অংক বলা হয়? ২

গ. উদ্দীপকের উপাত্ত হতে গড় ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. ৩০ জন প্রতিযোগিতার উপাত্ত হতে আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৪

https://teachingbd24.com

# মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড : ১ ২ ৪

সময়-২৫ মিনিট **বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান: ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. যোগকৃত মূল্যায়ন মানক কোনটি?**
ক) লিকার্ট খ) থার্সস্টোন
গ) বোগার্ডাস ঘ) হাইডার

**২. বুদ্ধি হচ্ছে-**
i. উত্তরাধিকার সূত্রে অর্জিত বৈশিষ্ট্যাবলি
ii. ব্যক্তির বাহ্যিক রূপ বা প্রতীয়মান রূপ
iii. জগতকে অনুধাবন করার ক্ষমতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**
বাবলু হত দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করে। কিন্তু সে খুব মেধাবী ছিল। অন্যায়ের প্রতিবাদ করতো। তবে বড় হয়ে হঠাৎ করে ব্যাংক ডাকাতি কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে এবং পলাতক হিসেবে জীবনযাপন করে।

**৩. বাবলুর আচরণকে কী বলা যায়?**
ক) আগ্রাসন খ) প্রথা বিরোধিতা
গ) হতাশা ঘ) বিষন্নতা

**৪. বাবলুর জীবনে ছিল-**
i. সামাজিক বঞ্চনা
ii. অর্থনৈতিক বঞ্চনা
iii. ন্যায়বিচার লাভে অনিশ্চয়তা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. WAIS অভীক্ষায় কয়টি উপ-অভীক্ষা আছে?**
ক) ৫ খ) ৬
গ) ১১ ঘ) ১২

**৬. বদ্ধমূল ধারণা হলো-**
ক) হোঁচট খেলে যাত্রা অশুভ
খ) দুই শালিক দেখলে যাত্রা শুভ
গ) পরীক্ষায় যাওয়ার আগে ডিম খাওয়া যায় না
ঘ) জাপানীরা অনেক পরিশ্রমী

**৭. হতাশার ইংরেজি প্রতিশব্দ কোনটি?**
ক) Fustration খ) Frustation
গ) Frustration ঘ) Fustation

**নিচের উদ্দীপকটি পড়ো ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
সুমন একটি চাকরির জন্য সাক্ষাৎকার দেয়। সাক্ষাৎকার গ্রহণকারী সুমনকে অনবরত একটার পর একটা প্রশ্ন করতে থাকেন।

**৮. সুমনের ক্ষেত্রে কোন ধরনের সাক্ষাৎকার প্রয়োগ করা হয়?**
ক) পূর্ব নির্ধারিত খ) অনির্ধারিত
গ) চাপমূলক ঘ) ক্লান্তিমূলক

**৯. উক্ত সাক্ষাৎকার পদ্ধতির মাধ্যমে জানা যায়-**
i. ব্যক্তির মনোযোগ
ii. ব্যক্তির মানসিক দুর্বলতা
iii. ব্যক্তির অসংগতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. কোনটি প্রথা?**
ক) বিবাহ
খ) হালখাতা
গ) ঈদ উৎসব
ঘ) স্বাধীনতা দিবস পালন করা

**১১. কোন বণ্টনের ভেদাংক ৪ হলে ঐ বণ্টনের আদর্শ বিচ্যুতি কত?**
ক) ২ খ) ৮
গ) ১২ ঘ) ১৬

**১২. রোশাক কালির ছাপ অভীক্ষায় কয়টি কার্ড আছে?**
ক) ১০টি খ) ১১টি
গ) ১৯টি ঘ) ২০টি

**নিচের উদ্দীপকটি পড়ো ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
জনির বয়স ৫ বছর। সে বোবা। তারপরও মনোবিজ্ঞানী তার বুদ্ধি পরিমাপ করে দেখেন সে স্বাভাবিক বুদ্ধিমত্তার অধিকারী।

**১৩. মনোবিজ্ঞানী জনির উপর কী ধরনের বুদ্ধি অভীক্ষা প্রয়োগ করেছেন?**
ক) দলগত
খ) ভাষাগত
গ) কার্য সম্পাদনমূলক
ঘ) বাচনিক

Teachingbd24.com

১৪. উক্ত অভীক্ষার বৈশিষ্ট্য হচ্ছে-
i. সাংস্কৃতিক প্রভাব মুক্ত
ii. সাফল্যাংকে সময়ের ভিত্তিতে নিরূপণ করা হয়
iii. সাফল্যাংক বুদ্ধ্যঙ্কের মাধ্যমে প্রকাশ করা হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. মূল্যবোধের বৈশিষ্ট্য কোনটি?
(ক) সমাজের ঐক্য ও সংহতি রক্ষা করে
(খ) বেশি পরিবর্তনশীল
(গ) অধিক সংখ্যক
(ঘ) অসংগত ও অসংলগ্ন

**নিচের উদ্দীপকটি পড়ো ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
মিয়ানমার সরকার কর্তৃক বিতাড়িত হয়ে রোহিঙ্গারা বাংলাদেশের কক্সবাজার এলাকায় আশ্রয় নেয়। নিপু ঐ এলাকার বাসিন্দা। এলাকার লোকজনের রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ার প্রতি মনোভাব যাচাই করার জন্য নিপু একটি মানক তৈরি করে।

১৬. মনোভাব পরিমাপের জন্য নিপু কোন মানক ব্যবহার করে?
(ক) নিউকম্ব (খ) থার্সস্টোন
(গ) লিকার্ট (ঘ) বোগার্ডাস

১৭. উক্ত মানকটির বৈশিষ্ট্য-
i. নিজের দেশে পদার্পণ করতে না দেয়া
ii. বিবাহের মাধ্যমে পরমাত্মীয়তা স্থাপন
iii. সহজতর, কার্যকর ও বিজ্ঞানসম্মত
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. এনডোমরফিক ব্যক্তিত্ব হলো-
i. এদের দেহে মেদের আধিক্য
ii. এরা পরনির্ভরশীল, ভোজনপ্রিয়
iii. এরা খেলাধুলা পছন্দ করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. সমস্যার উৎস কোনটি?
(ক). সামাজিক ধারণা (খ) সামাজিক দৃষ্টিভঙ্গি
(গ) তথ্যের ব্যাখ্যা (ঘ) চিন্তা শক্তির প্রসারতা

**নিচের উদ্দীপকটি পড়ো ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**
শ্রেণিকক্ষে শিক্ষক প্রবেশ করলে শিক্ষার্থীবৃন্দ উঠে দাঁড়িয়ে সালাম দেয়।

২০. শ্রেণিকক্ষে শিক্ষকের আচরণ কোন ধরনের চল?
(ক) অপেক্ষী (খ) নিরপেক্ষ
(গ) অন্তর্বর্তী (ঘ) বাহ্যিক

২১. উক্ত চলের বৈশিষ্ট্য হচ্ছে-
i. পরীক্ষণ পাত্রদের ওপর প্রয়োগ করা হয়
ii. ইন্দ্রিয়সমূহের ওপর আলোড়ন সৃষ্টি করতে সক্ষম
iii. গবেষক ইচ্ছামত পরিবর্তন করতে পারেন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. পরিসর হলো-
(ক) সর্বোচ্চ স্কোর ও সর্বনিম্ন স্কোর বের করা
(খ) সর্বোচ্চ স্কোর ও সর্বনিম্ন স্কোরের যোগফল
(গ) সর্বোচ্চ স্কোর ও সর্বনিম্ন স্কোরের বিয়োগফল
(ঘ) সর্বোচ্চ স্কোর ও সর্বনিম্ন স্কোরের গুণফল

**নিচের উদ্দীপকটি পড়ো ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**
মামুন ছোটবেলায় নতুন কিছু দেখলেই নানা প্রশ্ন করতো। বড় হয়ে সে এখন গবেষণা কাজে নিয়োজিত।

২৩. মামুন কোন মূল্যবোধের অধিকারী?
(ক) রাজনৈতিক (খ) সামাজিক
(গ) অর্থনৈতিক (ঘ) তাত্ত্বিক

২৪. মামুন-
i. সত্যানুসন্ধানী
ii. সুবিন্যস্ত জ্ঞানের অধিকারী
iii. নিজের পরিচিতি খুঁজে বেড়ায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. বিচ্যুতিক পরিমাপ কত প্রকার?
(ক) ৩ (খ) ৪
(গ) ৫ (ঘ) ৬

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | খ | ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | গ | | | | | | | | | | |

https://teachingbd24.com